

💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ নৈশ ভ্রমণ ও উর্ধ্বগমন বা মি'রাজ (أَلْإِسْـرَاءُ وَالْمِعْـرَاجُ) রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

মদीनाয় ইসলাম প্রচারকের দল (سَفِيْرُ الْإِسْلَامِ فِيْ الْمَدِيْنَةِ):

অঙ্গীকার সম্পাদিত এবং হজুব্রত সম্পন্ন হয়ে গেলে রাসূলুল্লাহ (ﷺ) এ লোকদের সঙ্গে ইয়াসরিবে প্রথম ধর্ম প্রচারক দল প্রেরণ করলেন। দ্বিবিধ উদ্দেশ্যে এ প্রচারক দল প্রেরণ করা হয়। প্রথম উদ্দেশ্য ছিল নব দীক্ষিত মুসলিমগণকে ইসলামের আহকাম এবং ধর্মের নিয়ম কানুন শিক্ষা দেয়া। দ্বিতীয় উদ্দেশ্যটি ছিল যারা এখনও শিরকের উপরেই রয়ে গেছে তাদের নিকট ইসলাম প্রচার করা। নাবী কারীম (ﷺ) এ প্রবাসের জন্য প্রথম অগ্রগামীদের মধ্যে স্থনামধন্য এক যুবককে নির্বাচন করেন যার নাম হল মুসআব বিন উমায়ের আবদারী (রাঃ)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6138

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন